

# সমকাল

## চুয়েটে শুরু হচ্ছে কেইস কম্পিটিশন 'ফেইস দ্য কেইস ২.০'

প্রকাশ: ০৩ মে ২১ | ২৩:০৭

সমকাল প্রতিবেদক



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এ আইইইইই চুয়েট স্টুডেন্ট ব্রাঞ্চ কর্তৃক আয়োজিত হচ্ছে দেশের অন্যতম বৃহৎ অনলাইন ভিত্তিক কেইস কম্পিটিশন 'ফেইস দ্য কেইস ২.০ পাওয়ার্ড বাই ডিলিজিট বিডি'।

সমসাময়িক সমস্যার বাস্তব ও টেকসই সমাধান বের করার লক্ষ্যে জাতীয় পর্যায়ে অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত 'ফেইস দ্য কেইস' এই কম্পিটিশন এর যাত্রা শুরু হয় ২০২০ সালে। যেখানে দেশের ৩৯টি বিশ্ববিদ্যালয় থেকে প্রায় ৩২৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এরই ধারাবাহিকতায় এই বছর-২০২১ সালে আরো বড় পরিসরে এবং আরো বেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে শুরু হতে যাচ্ছে 'ফেইস দ্য কেইস ২.০ পাওয়ার্ড বাই ডিলিজিট বিডি'। যেখানে সর্বশেষ ১৬টি বিশ্ববিদ্যালয় থেকে ক্যাম্পাস প্রতিনিধি নেওয়া হয়েছে।

কেইস সমূহ সমসাময়িক সমস্যাটির উপর ভিত্তি করে তৈরি করা হবে বলে এই প্রতিযোগিতাটি কেবল মাত্র ইঞ্জিনিয়ারিং বিভাগ এই সীমাবদ্ধ না রেখে, যেকোনো বিশ্ববিদ্যালয়ের যেকোনো বিভাগের শিক্ষার্থীরাই এতে অংশ নিতে পারবেন। সেক্ষেত্রে মেধা, সৃজনশীলতা এবং বাস্তবতার ভিত্তিতে দেওয়া সমাধানকেই প্রাধান্য দেওয়া হবে।

'ফেইস দ্য কেইস ২.০' ২০২১ এর রেজিস্ট্রেশন শুরু হয়েছে গত ১ মে, ২০২১ তারিখ থেকে। গতবছরের মতো এবারো প্রতিযোগিতা দু'টি ধাপে সম্পন্ন হবে। প্রথমটি সিলেকশন রাউন্ড দ্বিতীয়টি এবং ফাইনাল রাউন্ড। সিলেকশন রাউন্ডে নির্বাচিত টিম ফাইনাল রাউন্ডে অনলাইনে বিচারকদের মুখোমুখি হবেন। বিজয়ী দলের জন্য থাকছে আকর্ষণীয় পুরস্কার।

প্রতিযোগিতায় পর্যবেক্ষক হিসেবে থাকবেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর কম্পিউটার বিজ্ঞান প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মশিউল হক, তড়িৎকৌশল বিভাগের অধ্যাপক ড. নূর মোহাম্মদ, কম্পিউটার বিজ্ঞান প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক লামিয়া আলম এবং তড়িৎকৌশল বিভাগের সহকারী অধ্যাপক নকিব সাদ পাঠান।

জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় মিডিয়া পার্টনার হিসেবে থাকছে দৈনিক সমকাল, দৈনিক পূর্বদেশ এবং দ্যা বিজনেস স্ট্যান্ডার্ড। স্পন্সর হিসেবে সাথে থাকছে অনলাইন ভিত্তিক লার্নিং প্ল্যাটফর্ম "ডিলিজিট বিডি"।

করোনা মহামারির এই সংকটময় সময়ে ঘরে বসেই "ফেইস দ্য কেইস" প্ল্যাটফর্মের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের যোগাযোগশৈলী, উপস্থাপন দক্ষতা এবং বুদ্ধিমত্তা যাচাই করার সুযোগ পাবে বলে বিশ্বাস করেন আইইইই চুয়েট স্টুডেন্ট ব্রাঞ্চের জেনারেল সেক্রেটারী আবদুল্লাহ আল মিরাজ। গত ২০২০ সালে অনুষ্ঠিত ফেইস দ্য কেইস প্রতিযোগিতার সাফল্যের ধারাবাহিকতায় "ফেইস দ্য কেইস ২.০", ২০২১ এবার আরো নতুন উচ্চতায় পৌঁছবে বলে আশাবাদ ব্যক্ত করেন সংগঠনটির ব্রাঞ্চ চেয়ার আসিফ মাহবুব উদ্দীন।

© সমকাল ২০০৫ - ২০২১

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com

